



# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৫-২০১৬/১৩৯৩

তারিখ: ০৪ এপ্রিল, ২০১৬

## ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদনের সময় বৃদ্ধি সম্পর্কিত জরুরী বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদনের সময় আগামী ১০ এপ্রিল ২০১৬ তারিখ রাত ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.edu.bd/admissions](http://www.nu.edu.bd/admissions) অথবা [admissions.nu.edu.bd](http://admissions.nu.edu.bd)) থেকে আগ্রহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম পূরণ করতে হবে। প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে শিক্ষার্থীকে স্বাক্ষর করে প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকাসহ প্রয়োজনীয় কাগজ পত্র সংশ্লিষ্ট কলেজে ১১ এপ্রিল ২০১৬ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক এ ধরনের শিক্ষার্থীদের প্রাথমিক আবেদন অনলাইনে অবশ্যই নিশ্চয়ন করতে হবে।

এ সকল নতুন প্রাথমিক আবেদনকারীদের কোন মেধা তালিকা প্রকাশ করা হবে না তৎপরবর্তীতে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে অনলাইনে প্রাথমিক আবেদন করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক এ ধরনের শিক্ষার্থীদের আবেদন অনলাইনে নিশ্চয়ন না করা হলে তারা রিলিজ স্লিপের মাধ্যমে আবেদন করতে পারবে না। রিলিজ স্লিপের অনলাইন আবেদনের সময়সূচি পরবর্তীতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.edu.bd/admissions](http://www.nu.edu.bd/admissions) অথবা [admissions.nu.edu.bd](http://admissions.nu.edu.bd)) মাধ্যমে জানানো হবে।

নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট ( <a href="http://www.nu.edu.bd/admissions">www.nu.edu.bd/admissions</a> অথবা <a href="http://admissions.nu.edu.bd">admissions.nu.edu.bd</a> ) এর Degree Pass Tab এর Apply Now (Degree Pass) অপশনে ক্লিক করে আবেদন ফরম পূরণ করতে হবে।	০৪/০৪/২০১৬ থেকে ১০/০৪/২০১৬
২।	প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে শিক্ষার্থীকে স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকাসহ প্রয়োজনীয় কাগজ পত্র সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ	০৫/০৪/২০১৬ থেকে ১১/০৪/২০১৬
৩।	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ (যে সকল কলেজ ইতিপূর্বে ভর্তির প্রাথমিক আবেদন নিশ্চয়ন করতে পারেনি সে সকল প্রাথমিক আবেদনও এ সময়ে নিশ্চয়ন করা যাবে) [এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Approval (Degree Pass) অপশনে গিয়ে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে।]	০৫/০৪/২০১৬ থেকে ১৩/০৪/২০১৬
৪।	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক শিক্ষার্থীদের প্রাথমিক আবেদন ফি'র নির্ধারিত অংশ [শিক্ষার্থী প্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে] "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ [সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Degree Pass) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।]	১৭/০৪/২০১৬ থেকে ১৯/০৪/২০১৬

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোবাম্মেরা খানম)

ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

সদস্য সচিব, স্নাতক (পাস/প্রফেশনাল) ভর্তি পরীক্ষা পরিচালনা মূল কমিটি, ২০১৫-২০১৬

ফোন : ৯২৯১০৬৮, ফ্যাক্স-৯২৯১০৭২, ই-মেইল- deanug@nubd.info

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৫-২০১৬/১৩৯৩

তারিখ: ০৪ এপ্রিল, ২০১৬

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (ডিগ্রী পাস)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

